# U.G. 6th Semester Examination - 2021

## BENGALI

### Course Code: BBNGGERT5A

### Course Title: ব্যবহারিক বাংলা ব্যাকরণ

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) বাংলার মুখ আমি দেখিয়াছি। (ভাববাচ্যে পরিবর্তন করো)

খ) তুমি মহারাজ, সাধু হলে আজ আমি আজ চোর বটে। — বাক্যটিতে অব্যয় পদ কোন্‌টি?

গ) নির্দেশক সর্বনামের দুটি উদাহরণ দাও।

ঘ) অনুজ্ঞাবাচক বাক্য কাকে বলে?

ঙ) **তিলে** তেল আছে - কোন্ কারক?

চ) শূন্যবিভক্তি কাকে বলে?

ছ) সংযোজক অব্যয়ের উদাহরণ দাও।

জ) ধ্বন্যাত্মক বিশেষণ-এর একটি উদাহরণ দাও।

ঝ) একটি বিদেশি উপসর্গের উল্লেখ করো।

[পরের পাতায়]

ঞ) সম্বন্ধপদ কাকে বলে?

ট) শিক্ষক ছাত্রকে **বেত** মারলেন। কোন্ কারক?

ঠ) 'পঙ্কজ' শব্দটির ব্যাসবাক্য কী হবে?

ড) 'সবাই হাততালি দিচ্ছে।' কর্মবাচ্যে রূপান্তর করো।

ঢ) বাংলা তদ্ধিত প্রত্যয়ের একটি উদাহরণ দাও।

ণ) পদ কাকে বলে?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) নিত্য-সমাস কাকে বলে? উদাহরণ দাও।

খ) অনুকার অব্যয় বলতে কী বোঝ?

গ) কারক কত প্রকার ও কী কী?

ঘ) গৌণ কর্ম বলতে কী বোঝ?

ঙ) রূঢ় শব্দ ও যোগরূঢ় শব্দের মধ্যে পার্থক্য কী?

চ) ক্রিয়া বিশেষণ কাকে বলে? উদাহরণ দাও।

ছ) প্রত্যয় নির্ণয় করো - বর্তমান, কর্তব্য।

জ) কর্মবাচ্য কাকে বলে? উদাহরণ দাও।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বিভক্তি কাকে বলে? বিভক্তি কয় প্রকার? প্রকারভেদগুলি আলোচনা করো। ১+১+৩

খ) শুদ্ধ শব্দগুলি নির্বাচন করো : ১×৫

দুর্গা/দূর্গা, কথপোকথন/কথোপকথন, মুহুর্ত/মূহুর্ত, ম্রিয়মাণ/ম্রিয়মান, সরস্বতী/স্বরস্বতী

গ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো : ১×৫=৫

i) যদি উন্নতি করতে চাও, তবে পরিশ্রমী হও। (সরল বাক্যে)

ii) আমায় রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা এনে দেব। (জটিল বাক্যে)

iii) তোমার কোন দোষ নেই। (অস্ত্যর্থক বাক্যে)

iv) আপনাদের ঋণ চিরকাল মনে থাকবে। (নঞর্থক বাক্যে)

v) অমল একথা বলেনি। (প্রশ্নবোধক বাক্যে)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) উপসর্গ ও অনুসর্গ কাকে বলে? সংস্কৃত উপসর্গগুলির পরিচয় দাও। ২+৮

খ) সমাস কাকে বলে? সমাসের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো। ২+৮

গ) কারক বলতে কী বোঝ? উদাহরণ সহ প্রত্যেক প্রকার কারক নিয়ে আলোচনা করো। ২+৮

---